দৈনিক ইত্তেফাক

MAY 19 2002

তারিখ ... ... ... ... ... ... ...


## শিক্ষা প্রতিমন্ত্রী পরিক্ষার্থীর দেহ থেকে নকলের মালা বের করলেন

নেত্রকোনা সংবাদদাতা ।। শিক্ষা
প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল
মিলন গত বৃহস্পতিবার
মাধ্যমিক পরীক্ষার প্রথম দি
নেত্রকোনা জেলার পূর্বধলা উ
জেলার হাফেজ জিয়াউর কলে
আকস্মিক পরিদর্শনে এসে অভি
কায়দায় দুই পরীক্ষার্থীকে হাতে
নাতে নকলসহ ধরে ফেললেন বে
পৌনে বারটার দিকে মন্ত্রী ময়ম
সিংহ হতে নেত্রকোনায় আসা
পথে শ্যামগঞ্জের সড়ক পাশে হাফে
জিয়াউর রহমান কলেজে ঢুকে
পড়েন এবং কাউকে কিছু বুঝতে না
দিয়ে রুবেল আহম্মদ নামের এক
পরীক্ষার্থীর হাবভাব দেখে তার
জামা খুলে গলায় ঝুলিয়ে রাখা ১টি
সাদা কাপড়ে ১০টি প্যাকেট দিয়ে
তৈরী নকলের মালা উদ্ধার করলেন।
প্রতিটি প্যাকেটে ছিল নকলে ভর্তি।
পরে ইয়ার হোসেন নামে আর এক
পরীক্ষ্যর্থীকেও তিনি নকলসহ
হাতেনাতে ধরে ফেলেন। এরা

(১০ম পৃঃ দ্রঃ)

### শিক্ষা প্রতিমন্ত্রী পরীক্ষা

(১২শ পৃঃ পর)

দুজনই নেত্রকোনার পূর্বধলা ডিগ্রী কলেজের ছাত্র। এদেরকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

## ব্রাহ্মণবাড়িয়ায় বহিরাগত গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা ।। গত বৃহস্পতিবার ব্রাহ্মণবাড়িয়া শহরের সাবেরা সোবহান সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ে আলিম ফাজিল পরীক্ষা কেন্দ্রে এক বহিরাগত যুবককে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানায়, ঐ যুবক পরীক্ষা